আরবিআই/2013-14/206
ডিজিবিএ.সিডিডি.নং.1448/13.01.299/2013-14

তারিখঃ 30/08/2013

সভাপতি / পরিচালন অধিকর্তা
প্রধান কার্যালয় (সরকারি লেখা বিভাগ)
ভারতীয় স্টেট ব্যাঙ্ক এবং সহযোগী ব্যাঙ্কসমূহ/সমস্ত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক
(পাঞ্জাব ও সিন্ধ ব্যাঙ্ক এবং অন্ধ্র ব্যাঙ্ক ব্যতীত)
এ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড / আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড/ এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড/
স্টক হোল্ডিং করপোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড. (এসএইচসিআইএল)

প্রিয় মহাশয়/মহাশয়া,

**8 % সেভিংস বন্ড (করযোগ্য)-মেয়াদপূর্ব নগদে পরিণত করা**

উপরোক্ত বন্ড, যা এপ্রিল 21, 2003 থেকে জারি হয়েছে, ভারত সরকারের মার্চ 21, 2003 তারিখের নোটিফিকেশন নংএফ 4(10)-ডব্লিউ এবং এম/2003 এবং পরবর্তী এপ্রিল 2, 2003 তারিখের নোটিফিকেশন এফ নং4(10)- ডব্লিউ এবং এম/2003 দ্রষ্টব্য, জারি করার তারিখ থেকে ছয় বছর সমাপ্ত হবার পর প্রদানযোগ্য। এই প্রকল্পের অধীনে মেয়াদপূর্ব নগদে পরিণত করার অনুমতি ছিল না।

2. ভারত সরকার এখন, জুলাই 29, 2013 এবং অগস্ট 16, 2013 তারিখের নোটিফিকেশন (প্রতিলিপি সংলগ্ন)দ্রষ্টব্য, ষাট বছর এবং তার বেশি বয়ঃক্রমের ব্যক্তিগত বিনিয়োগকারীকে, জারি হওয়ার দিন থেকে ন্যূনতম তিন বছরের লক-ইন সময়ের পর, নিম্নলিখিত নির্দেশ অনুসারে, এই বন্ডগুলির মেয়াদপূর্ব নগদে পরিণত করার সুবিধা দিতে স্থির করেছেঃ-

a. 60 থেকে 70 বছর বয়ঃক্রমের বিনিয়োগকারীদের জন্য লক-ইন সময় হবে নির্গমনের দিন থেকে 5 বছর।
b. 70 থেকে 80 বছর বয়ঃক্রমের বিনিয়োগকারীদের জন্য লক-ইন সময় হবে নির্গমনের দিন থেকে 4 বছর।
c. 80 বছর এবং তার বেশি বয়ঃক্রমের বিনিয়োগকারীদের জন্য লক-ইন সময় হবে নির্গমনের দিন থেকে 3 বছর।

3. মেয়াদপূর্ব নগদে পরিণত করার সুবিধা পেতে ইচ্ছুক বিনিয়োগকারীকে তাঁর জন্মতারিখের সমর্থনে এজেন্সি ব্যাঙ্কের সন্তুষ্টি অনুযায়ী লেখ্যপ্রমাণ দাখিল করতে হবে। কোনও বন্ডের যুগ্মধারক অথবা দুইয়ের বেশি ধারক হলে, সেই ক্ষেত্রে ধারকদের মধ্যে কোনও একজনকে উপরের যোগ্যতার শর্ত পূরণ করতে হবে।

4. জারি করার তারিখ থেকে উক্ত ন্যূনতম লক-ইন সময়ের পরে, কোনও উপযুক্ত বিনিয়োগকারী, দশম বা অষ্টম বা ষষ্ঠ অর্ধ বর্ষ যেমন প্রযোজ্য ও তার লক-ইন সময়ের সঙ্গে সঙ্গতিপূর্ণ সময় পরে, যে কোনও সময় বন্ড জমা দিতে পারেন। তথাপি, নগদে অর্থপ্রদান করা হবে নিম্নলিখিত পূর্বনির্দিষ্ট সুদ প্রদানের দিনেই। এইভাবে, উপযুক্ত বিনিয়োগকারীদের পক্ষে, মেয়াদপূর্ব নগদে পরিণত করার জন্য কার্যকরী তারিখ হবে, নন-কিউমুলেটিভ বন্ডের ক্ষেত্রে, যোগ্যতার মানদন্ড অনুযায়ী লক-ইন সময় সমাপ্ত করার পর প্রত্যেক বছর পয়লা অগস্ট এবং পয়লা ফেব্রুয়ারি এবং কিউমুলেটিভ বন্ডের ক্ষেত্রে, মোটামুটিভাবে সপ্তম, নবম অথবা একাদশতম ষান্মাসিক সুদ প্রদানের নির্দিষ্ট দিনে হবে (দিনটি যে কোনও দিনই হতে পারে, এমন নয় যে পয়লা অগস্ট এবং পয়লা ফেব্রুয়ারিই হতে হবে)। যাইহোক, কিউমুলেটিভ এবং নন-কিউমুলেটিভ- উভয় প্রকার বন্ডের ক্ষেত্রেই, প্রদেয় এবং হোল্ডিং সময়ের শেষ ছয় মাসের প্রাপ্য সুদের 50% বিনিয়োগকারীর কাছ থেকে মেয়াদপূর্ব নগদে পরিণত করার জন্য জরিমানা হিসেবে উসুল করা হবে।

প্রতি ₹1000 বিনিয়োগে নিজ নিজ অর্ধবর্ষ সমাপ্ত করার পর প্রদেয় রাশি নীচে দেওয়া হলঃ

| প্রদেয় | প্রতি ₹1000 বিনিয়োগে প্রদেয় রাশি (₹ তে) | |
|---|---|---|
| | নন-কিউমুলেটিভ | কিউমুলেটিভ |
| 7ম অর্ধবর্ষ | 1020.00 | 1290.63 |
| 8ম অর্ধবর্ষ | 1020.00 | 1342.25 |
| 9ম অর্ধবর্ষ | 1020.00 | 1395.94 |
| 10ম অর্ধবর্ষ | 1020.00 | 1451.78 |
| 11তম অর্ধবর্ষ | 1020.00 | 1509.85 |

5. মেয়াদপূর্ব নগদে পরিণত করা সম্বন্ধে নিম্নে আমরা আরও স্পষ্টিকরণ করেছিঃ

i. মেয়াদপূর্ব নগদে পরিণত করার তাৎপর্য এই যে, কোনও একক আবেদনপত্রের মাধ্যমে জারি করার তারিখ থেকে যোগ্যতার মানদন্ড অনুযায়ী ন্যূনতম লক-ইন সময়কাল সম্পূর্ণ করেছে এমন 8% সেভিংস বন্ডস (করযোগ্য),2003-এর জন্য বিনিয়োগকৃত সম্পূর্ণ রাশির নগদে পরিণত করা। এই প্রকার বিনিয়োগকারীগণ একক আবেদনপত্রের মাধ্যমে বিনিয়োগ করা সম্পূর্ণ রাশি তুলে নিতে পারবেন। তথাপি, যদি ধারকের একই বন্ড লেজার খাতায় বহু বিনিয়োগ থাকে, তিনি এক বা একাধিক বিনিয়োগের, যে বা যতগুলি নির্গমনের তারিখ থেকে যোগ্যতার মানদন্ড অনুযায়ী ন্যূনতম লক-ইন সময়কাল সমাপ্ত করেছে, সম্পূর্ণ রাশি মেয়াদপূর্ব নগদে পরিণত করতে এক বা একাধিক অনুরোধ করতে পারেন।

ii. একক আবেদনপত্রের মাধ্যমে বিনিয়োগ করা রাশি **আংশিক নগদে পরিণত করা** যাবে না।

iii. বিনিয়োগ করার সময় যেখানে উপযুক্ত বিনিয়োগকারীকে উত্তর-তারিখাঙ্কিত সুদের ওয়ারেন্ট প্রদান করা হয়েছে, সেক্ষেত্রে তাঁদের মেয়াদপূর্ব নগদে পরিণত করার অনুরোধের সঙ্গে ওইগুলি জমা করতে হবে।

iv. মেয়াদপূর্ব নগদে পরিণত করার অনুরোধ পেশ করার সময় এমন কোনও বিশেষ ফর্ম/ ঘোষণাপত্র নেই যা বিনিয়োগকারীকে আবেদনের সময় পূরণ করতে হবে।

v. বিনিয়োগকারীকে সাধারণ ফর্ম 1A-তে, বর্তমানে যেমন পাওয়া যায়, সম্পূর্ণ রাশি মেয়াদপূর্ব নগদে পরিণত করার অনুরোধপত্রের সঙ্গে ডিসচার্জ প্রমানপত্র পেশ করতে হবে।

6. সুদের ওয়ারেন্ট পাঠানোর পরেও বিনিয়োগ মেয়াদপূর্ব নগদে পরিণত করা যেতে পারে, কিন্তু ওইরূপ অনুরোধ সুদের ওয়ারেন্ট পাঠানোর পরে প্রাপ্ত হলে, বিনিয়োগকারীর প্রতি জারি করা শেষ ছয় মাসের সুদের ওয়ারেন্ট সংলগ্ন করে দিতে হবে। তথাপি, যে সব ক্ষেত্রে সুদের ওয়ারেন্ট ইতিমধ্যেই পাঠানো হয়ে গেছে, কিন্তু ধারক এখনও পাননি অথবা দাখিল করেননি, সেক্ষেত্রে মেয়াদপূর্ব নগদে পরিণত করার অনুরোধ গ্রহণ করা হতে পারে এই শর্তে যে শেষ ছয় মাসের বাকি এবং দেয় সুদের 50% রাশি মূলধন থেকে কেটে নেওয়া হবে এবং সিএএস, নাগপুরে রক্ষিত সুদখাতায় জমা হয়ে যাবে। যদি মেয়াদপূর্ব নগদে পরিণত করার অনুরোধ যথেষ্ট আগে পাওয়া যায়, তাহলে ক্ষেত্র অনুযায়ী এনইএফটি/এনইসিএস-এর মাধ্যমে পেমেন্ট অর্ডার/খাতায় জমা করা যাবে পরবর্তি ছয় মাসের দেয় তারিখে অর্থা অগস্ট 1/ ফেব্রুয়ারি 1-তে। ওইরূপ অনুরোধ যথেষ্ট আগে না পাওয়া গেলে, যে কার্যালয় থেকে জারি করা হয়েছে সেই কার্যালয় অর্থপ্রদান করার জন্য পাঁচটি পূর্ণ কার্যদিবস পেতে পারে।

7. এই প্রকল্পটি পরিচালনা করার জন্য অনুমোদিত শাখাগুলিতে উপযুক্ত নির্দেশ জারি করা হবে মেয়াদপূর্ব নগদে পরিণত করার প্রক্রিয়া চালানোর ব্যবস্থায় প্রয়োজনীয় পরিবর্তন করতে। মেয়াদপূর্ব নগদে পরিণত করার সুযোগ সম্বন্ধিত শাখায় উপযুক্তভাবে প্রদর্শিত হবে।

৮. অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

(সঙ্গীতা লালওয়ানি)
মহাপ্রবন্ধক

সংলগ্নীঃ যথোক্ত